# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৬০) জনৈক ব্যক্তি চার বছর যাকাত আদায় করে নি। এখন তার করণীয় কী?

উত্তর: যাকাত আদায়ে বিলম্ব করার কারণে এ লোক গুনাহগার। কেননা মানুষের ওপর ওয়াজিব হচ্ছে যাকাত ওয়াজিব হওয়ার সাথে সাথে দেরী না করে যাকাত আদায় করে দেওয়া। আবশ্যিক বিষয়ের মূল হচ্ছে, সময় হওয়ার সাথে সাথে দেরী না করে তা সম্পাদন করে ফেলা। এ লোকের উচিৎ আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা, তওবা করা। তার ওপর আবশ্যক হচ্ছে, বছরগুলোর হিসেব করে যাকাত আদায় করে দেওয়া। উক্ত যাকাতের কোনো কিছুই তার থেকে রহিত হবে না। তাকে তওবা করতে হবে এবং দ্রুত যাকাত আদায় করে দিতে হবে। যাতে করে দেরী করার কারণে গুনাহ আরো বাড়তে না থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=892

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন